

তথ্য বিজ্ঞপ্তি নং: ২৩৩/২০

তারিখ: ১০ আগস্ট, ২০২০ খ্রিস্টাব্দ  
২৬ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক  
একান্ত সচিব, সিইও অ্যান্ড এমডি/সকল উপব্যবস্থাপনা পরিচালক  
সকল সহকারী মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক  
জনতা ব্যাংক লিমিটেড  
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/  
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা  
এবং সকল সাবসিডিয়ারি কোম্পানি।

বিষয়: জনতা ব্যাংক লিমিটেড-এর রিজিওনাল স্টাফ কলেজ, ময়মনসিংহ ও বরিশাল বন্ধকরণ প্রসংঙ্গে।


মহোদয়,


অর্গানোগ্রাম সংক্রান্ত তথ্য বিজ্ঞপ্তি নং: ২২৮/২০ তারিখ: ২৪.০৩.২০২০-এর সূত্র অনুসরণ করা হলো।

গত ৩০.১২.২০১৯ তারিখে অনুষ্ঠিত জনতা ব্যাংক লিমিটেড-এর পরিচালনা পর্ষদের ৬০২তম সভায় ব্যাংকের রিজিওনাল স্টাফ কলেজসমূহের Performance মূল্যায়নপূর্বক একটি প্রতিবেদন পর্ষদ সমীপে উপস্থাপনের জন্য উপব্যবস্থাপনা পরিচালক (এইচআর) মহোদয়কে সভাপতি করে তিন সদস্যের একটি কমিটি গঠন করা হয়। উপর্যুক্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদন গত ২২.০৭.২০২০ তারিখে অনুষ্ঠিত পর্ষদের ৬২৩তম সভায় উপস্থাপন করা হলে ময়মনসিংহ ও বরিশাল রিজিওনাল স্টাফ কলেজ দুটি বন্ধকরণের অনুমোদন দেওয়া হয়।

অর্গানোগ্রামে এ দুটি স্টাফ কলেজে বরাদ্দকৃত জনবল অভ্যন্তরীণভাবে সমন্বয়পূর্বক প্রধান কার্যালয়ের হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট কর্তৃক অন্যত্র পদায়ন করা হবে। স্টাফ কলেজ দুটির ব্যবহৃত সকল আসবাবপত্র, কম্পিউটার সামগ্রী ও অন্যান্য সরঞ্জামাদি নিকটস্থ বিভাগীয় কার্যালয় কর্তৃক প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট ডিপার্টমেন্টসমূহের সাথে সমন্বয়পূর্বক স্থানীয় শাখা/কার্যালয়সমূহে প্রয়োজন অনুসারে ব্যবহারের জন্য সরবরাহ করতে হবে। রিজিওনাল স্টাফ কলেজ দুটির জন্য ব্যবহৃত ভবনের ভাড়ার চুক্তিপত্র বাতিলের জন্য প্রধান কার্যালয়ের বিজনেস ডেভেলপমেন্ট মার্কেটিং ডিপার্টমেন্ট (বিডিএমডি)-এর সাথে আলোচনা সাপেক্ষে স্থানীয় বিভাগীয় কার্যালয় অনতিবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ তথ্য বিজ্ঞপ্তি জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

  
আপনার বিশ্বস্ত,  
মোস্তুফা ছাইফুল হক  
উপমহাব্যবস্থাপক

  
মোঃ আহসান উল্লাহ  
মহাব্যবস্থাপক